

উপজেলা মুক্তিযোদ্ধা সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: রফিকুল ইসলাম।
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
 আগৈলঝাড়া, বরিশাল।
 সভার স্থান : উপজেলা সমাজসেবা অফিস কক্ষ, আগৈলঝাড়া, বরিশাল।
 তারিখ : ২৫/৬/২৩ খ্রি.
 সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি বা কোন প্রকার সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, সভায় উপস্থিত বিভিন্ন সদস্য উপজেলার মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণের বিষয়ে মূল্যবান বক্তব্য রাখেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

নং	আলোচনা	প্রস্তাব	বাস্তবায়নে
১.	সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধাদের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সংশ্লিষ্ট সম্মানী ভাতাভোগী বীর মুক্তিযোদ্ধাদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক চাহিত ছক মোতাবেক ভারতীয় তালিকা, মজিবর্তা লাল বই, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুতির সনদ, সাধারণ গেজেট অনুসারে তৈরি করা তালিকা প্রেরণ করতে হবে মর্মে প্রস্তাব করা হয়।	সদস্য-সচিব ভাতা বিতরণ কমিটিতে বিষয়টি উপস্থাপন করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২.	ভাতা প্রদান কালে প্রত্যয়ন পত্র গ্রহণ বিষয়ে সভায় আলোচনা হয়।	ভারতীয় তালিকা, মজিবর্তা লাল বই, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুতির সনদ নেই শুধু মাত্র সাধারণ গেজেট এবং সাময়িক সনদ রয়েছে তাদের ভাতা গ্রহণ কালে মন্ত্রণালয়ে সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যয়ন পত্র দিতে হবে, এই প্রত্যয়ন পত্র দেয়ার সময় যাতে সংশ্লিষ্ট কেউ অবৈধ সুবিধা নিতে না পারে সে জন্য ভাতা প্রদান কমিটির নিকট প্রস্তাব করতে হবে।	সমাজসেবা অফিস এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
৩.	অসুস্থ মুক্তিযোদ্ধাদের বিষয়ে সভায় আলোচনা হয়।	হাট-বাজার ইজারা লক্ষ টাকার প্রাপ্ত ৪% টাকা মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সাহায্য, সন্তানদের লেখাপড়া বাবদ সাহায্য, মেয়ে বিয়ে দেয়ার জন্য সাহায্য ইত্যাদি সাহায্য যাতে সঠিক ও সুন্দর ভাবে বন্টন করা হয় তার জন্য প্রয়োজনীয় প্রস্তা পেরণ।	সংশ্লিষ্ট কমিটিতে প্রস্তা ব পেরণ।

উপজেলা মুক্তিযোদ্ধাদের সাংগঠনিক অবস্থা বেশ ভালো। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল ইসলাম।)
 ভাইস চেয়ারম্যান,
 উপজেলা পরিষদ,
 আগৈলঝাড়া, বরিশাল।

তারিখ : ২৫/৬/২৩ খ্রি

স্মারক নং-
 অনুলিপিঃ

৬৭

- ১। জেলা প্রশাসক, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৫। অফিস কপি।

(সুশান্ত বাল্য)
 উপজেলা সমাজসেবা অফিসার
 আগৈলঝাড়া, বরিশাল।